# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৫১

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

الفصل الاول (بَابُ فَضَائِلِ سَيِّدِ الْمُرْسَلِينَ)

আরবী

وَعَنْ سَعْدٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِمَسْجِدِ بَنِي مُعَاوِيَةَ دَخَلَ فَرَكَعَ فِيهِ رَكْعَتَيْنِ وَصَلَّيْنَا مَعَهُ وَدَعَا رَبَّهُ طَوِيلًا ثُمَّ انْصَرَفَ فَقَالَ: «سَأَلْتُ رَبِّي ثَلَاثًا فَأَعْطَانِي ثِنْتَيْنِ وَمَنَعَنِي وَاحِدَةً سَأَلْتُ رَبِّي أَنْ لَا يُهْلِكَ أُمَّتِي بِالسَّنَةِ فَأَعْطَانِيهَا وَسَأَلْتُهُ أَنْ لَا يُهْلِكَ أُمَّتِي بِالْغَرَقِ فَأَعْطَانِيهَا وَسَأَلْتُهُ أَنْ لَا يَجْعَلَ بأسهم بَينهم فَمَنَعَنِيهَا» . رَوَاهُ مُسلم

رواه مسلم (20 / 2890)، (7260) ـ

(صَحِيح)

বাংলা

৫৭৫১-[১৩] সা’দ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বানূ মু’আবিয়ার মসজিদের কাছে দিয়ে যাচ্ছিলেন। তখন তাতে প্রবেশ করে দুই রাকআত সালাত আদায় করলেন এবং তাঁর সাথে আমরাও সালাত আদায় করলাম। সালাত শেষে তিনি (সা.) এক দীর্ঘ দু’আ করলেন, অতঃপর আমাদের দিকে ফিরে বললেন, আমি আমার প্রভুর কাছে তিনটি বিষয়ে ফরিয়াদ করেছিলাম। তিনি আমার দুটি দু’আ কবুল করেছেন এবং একটি প্রত্যাখ্যান করেছেন। ১. আমি আমার প্রভুর কাছে চেয়েছিলাম, ব্যাপক দুর্ভিক্ষ দ্বারা যেন আমার উম্মাতকে ধ্বংস না করা হয়। আমার এ দু’আটি তিনি গ্রহণ করেছেন। ২. আমি আমার প্রভুর কাছে এটাও চেয়েছিলাম যেন আমার উম্মাতকে পানিতে ডুবিয়ে ধ্বংস না করা হয়। তিনি আমার এ দু’আও গ্রহণ করেছেন, এবং ৩. আমি তার কাছে চেয়েছিলাম যেন আমার উম্মতের একে অপরের মধ্যে যুদ্ধবিগ্রহ না হয়। কিন্তু তিনি তা আমাকে দান করেননি। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ২০-(২৮৯০) মুসনাদে আহমাদ ১৫৭৪, ১২৫০৮, সিলসিলাতুস্ সহীহাহ ১৭২৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ২৯৫০৯, মুসনাদে বাযযার ১১২৫, আবূ ইয়া'লা ৭৩৪, সহীহ ইবনু খুযায়মা ১২১৭, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৬৬৯৯, আল মুসতাদরাক লিল হাকিম ৮৫৭৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَدَعَا رَبَّهُ طَوِيلًا)“এবং তিনি তার রবের কাছে দীর্ঘ দু'আ করেন।” অর্থাৎ সালাতের পর অনেক সময় ধরে দু'আ করেন। দীর্ঘ’ শব্দের সম্পর্ক সালাত ও দু'আ উভয়ের। অর্থাৎ সালাত ও দু'আ মিলে দীর্ঘ সময় যায়। একটু পরেই দ্বিতীয় অনুচ্ছেদের প্রথম হাদীস থেকে বিষয়টি স্পষ্ট বুঝা যায়। পূর্বের এবং এই হাদীসের মর্ম। (أَنْ لَا يُهْلِكَ أُمَّتِي بِالْغَرَقِ) “ডুবিয়ে যেন আমার উম্মতকে ধ্বংস না করেন। যেমন ফির'আওন গোষ্ঠীকে সাগরে ডুবিয়ে মারা হয়েছিল। নূহ আলায়হিস সালাম-এর কওমকে বন্যা দিয়ে ডুবিয়ে মারা হয়েছিল। পানিতে ডুবিয়ে সমূলে বিনাশ থেকে উম্মাতকে রক্ষার জন্য রাসূল (সা.) আল্লাহ তা'আলার কাছে প্রার্থনা করেছেন। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85727

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন